# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা
## চট্টগ্রাম ।

---

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব বসতি দিবসের অনুষ্ঠানে মেয়র

## নাগরিক দায়বদ্ধতা উপলব্ধি করলে বাসযোগ্য হবে বসতি

চট্টগ্রাম- ১ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন নগরবাসী নাগরিক দায়বদ্ধতার বিষয়টি সঠিকভাবে উপলব্ধি করলে দেশ আরো অনেক দুর এগিয়ে যাবে। শহরের অনেকগুলো সমস্যার মধ্যে বর্জ্য ব্যবস্থাপনার সমস্যা অন্যতম। এক্ষেত্রে আমাদের যেমন সীমাবদ্ধতা রেয়েছে তেমনি নাগরিক সচেতনতারও অভাব রয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরশেনের পক্ষ থেকে ইতিপূর্বে প্রত্যেক ওয়ার্ডে ডোর টু ডোর আবর্জনা সংগ্রহ করার লক্ষ্যে বিন বিতরণ করা হয়। যত্রতত্র ময়লা আবর্জনা না ফেলার জন্য নগরবাসীকে সচেতন করার লক্ষ্যে টানা কয়েক মাস মাইকিং ও লিফলেট বিতরণ করা হয়েছে। তারপরও নালা-নর্দমায় ময়লা আবর্জনার কারণে পানি নিষ্কাশন বাধাগ্রস্ত হতে দেখা যায়। বাইরের দেশে এ দৃশ্য নাই বললেই চলে। তাই বসতিকে বাসযোগ্য রাখতে যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা থেকে বিরত থাকতে আমাদের এগিয়ে আসতে হবে। তিনি আজ সোমবার সকালে কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে বিশ্ব বসতি দিবস-২০১৮এর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। এই অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম চট্টগ্রাম অঞ্চল। এবারের বিশ্ব বিসতি দিবস-২০১৮'র প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে 'পৌর এলাকার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা'। প্রতিপাদ্য এই বিষয়ের আলোকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের স্বপ্নের গ্রিন ও ক্লিন সিটি বাস্তবায়নের আলোকে এই দিবসের স্লোগান নির্ধারণ করা হয় **'নির্দিষ্ট স্থানে বর্জ্য ফেলি, পরিচ্ছন্ন শহর গড়ি'**। সভায় বক্তব্য রাখেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রোগ্রাম স্পেশালিষ্ট ইফতেখার হাসান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নগর শাসন বিষয়ক গবেষক রায়হান আহমেদ প্রমুখ। বক্তাদের আলোচনায় প্রতিদিন গড়ে ১ জন ব্যক্তি ৪০০ গ্রাম করে বর্জ্য উৎপাদন করে বলে জানা যায়। এই উৎপাদিত বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা করা গেলে নগরীর জলাবদ্ধতার সমস্যা ৩০ শতাংশ সমাধান হয়ে যাবে বলে তারা উল্লেখ করেন। এতে সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, আবিদা আজাদসহ আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ ও কমিউনিটির সংগঠকরা উপস্থিত ছিলেন। আলোচনা সভার পূর্বে বিশ্ব বসতি দিবস উপলক্ষে মেয়রের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি চেরাগী পাহাড় মোড় পর্যন্ত প্রদক্ষিন শেষে নগর ভবনে এসে শেষ হয়। র‌্যালিতে কাউন্সিলর, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, নগর পরিকল্পনাবিদসহ ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের কর্মকর্তা ও ব্র্যাক বিভিন্ন কমিউনিটির কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেয়।

## পশ্চিম বাকলিয়া ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য সংগ্রহ ও নবায়ন কর্মসূচি অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম- ১ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল। আজ নিজস্ব অর্থায়নের মাধ্যমে পদ্মাসেতু নির্মাণের যুগান্তকারি পদক্ষেপ, বয়স্ক ও প্রতিবন্ধী ভাতা প্রদানসহ বিদ্যুতের উৎপাদনের মাধ্যমে লোডশেডিং সমস্যার সমাধান, অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি, শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন সাধিত করেছে। মেয়র বলেন বর্তমান সরকারের এই উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় তৃণমূল স্তর থেকেই নৌকা প্রতীকের বিজয় নিশ্চিত করার জন্য কাজ করে যেতে হবে। তিনি বলেন আমাদের ঐক্যের প্রধান শক্তি তৃণমূল স্তরের নেতা-কর্মীরা। সদস্য সংগ্রহ কার্যক্রমে স্বচ্ছতা এবং স্থানীয় গণমানুষকে সম্পৃক্ত করতে পারলে অভীষ্ট লক্ষ্য অর্জিত হবে। ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড আওয়ামী লীগের আহবায়ক মোহাম্মদ ইউনুছ কোম্পানীর সভাপতিত্বে ও যুগ্ম আহবায়ক আকবর আলী আকাশের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সদস্য সংগ্রহ ও নবায়ন কর্মসূচির উদ্বোধন করেন মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি

হিসেবে বক্তব্য রাখেন মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বদিউল আলম, সাংগঠিনক সম্পাদক নোমান আল মাহমুদ, সদস্য আবদুল লতিফ টিপু, কোতোয়ালী থানা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ ফিরোজ, বাকলিয়া থানা আওয়ামী লীগের আহবায়ক আলহাজ্ব এম শফিকুল ইসলাম, খাতুনগঞ্জ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক ছৈয়দ ছগীর হোসেন, জামালখান ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. মোরশেদুল আলম, বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি এরশাদুর রহমান চৌধুরী, যুগ্ম আহবায়ক আলী নাওয়াজ, মোহাম্মদ মুসা এম এ, চকবাজার থানা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ, সিরাজুল ইসলাম, ছৈয়দ মো. মুসা, মঞ্জুর হোসাইন, শামসুল হক, এ কে এম সাইফুল ইসলাম বাবুল, আবুল হাসেম কন্ট্রাক্টর, সিরাজুল ইসলাম সিরাজি, শাহেদুল ইসলাম সাহেদ, আফজল খাঁন, টুটুল ভট্টচার্য, মহানগর যুবলীগের সদস্য তারেক সুলতান, মুক্তার হোসেন লিটন, শহীদ শফিউল ইসলাম শামীম, এ এম তৌহিদুল ইসলাম, হাজী মো. শফি, মো. জসিম উদ্দিন, মো. সাইফুল ইসলাম, ৬ পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মো. বেলাল, মহানগর ছাত্রলীগ নেতা মুনির চৌধুরী, রাশেদুল আলম চৌধুরী, অসিত বরণ বিশ্বাস,ওয়ার্ড যুবলীগ নেতা এস এম আবদুচ ছামাদ,অভিজিৎ দে ঝুমুর, স্বেচ্ছাসেবকলীগ নেতা ফখরুল ইসলাম ফারহান, তারেকুল ইসলাম রানা, টিপু সুলতান, সরওয়ার আলম টিটু, মো. আবছার, আবুল কালাম, আবদুল হালিম, আইন কলেজ ছাত্রলীগ নেতা আবদুল হালিম সোহেল ও ওয়ার্ড ছাত্রলীগ নেতা কাইয়ুম বিন কাসেম প্রমুখ।

## আর্ন্তজাতিক প্রবীণ দিবসে-সিটি মেয়র<br>আজকে যে নবীন সে যদি প্রবীণের কথা না ভাবে,<br>প্রবীণবেলায় সে তার পাশে কাউকে পাবে না

চট্টগ্রাম- ১ অক্টোবর ২০১৮

প্রবীণদের আদর যত্ন দিয়ে শিশুদের মতো প্রতিপালন এবং তাদের প্রতি মায়া, ভালবাসা, শ্রদ্ধা প্রদান করার উপর গুরুত্বারোপ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বলেন আমাদের শিশুটিকে লালন পালন করা যেমন আমার দায়িত্ব,তেমনি পরিবারের প্রবীণ সদস্যটিকে দেখভাল করাও আমাদের পবিত্র কর্তব্য। অন্যথায় আমাদের দায়িত্বজ্ঞানহীনতা শিশুর বিকাশও রুদ্ধ করবে অবধারিত । আজকে যে নবীন সে যদি প্রবীণের কথা না ভাবে,তাবে তার প্রবীণ বেলায় সে তার পাশে কাউকে পাবে না। তাই প্রবীণদের মৌলিক চাহিদা ও মানবাধিকার প্রশ্নে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল মহলের সচেতনতা, আত্ম উপলব্ধি ও জাতীয় ঐক্য গড়ে তোলা প্রয়োজন। তিনি আজ সোমবার সকালে সমাজ সেবা অধিদপ্তর চট্টগ্রামের উদ্যোগে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। নগরীর শিশু একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত এই সভায় সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মোহাম্মদ শহীদুল ইসলাম সভাপতিত্ব করেন। এই সভায় অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইটি)আমিনুল কায়সার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক হাসান মাসুদ, মমতা”র ম্যানেজিং ডাইরেক্টর প্রাক্তন লায়ন গভর্ণর আলহাজ্ব রফিক আহমদ, সমাজ সেবা অধিদপ্তরের সদস্য এস.এম.মোরশেদ হোসেন ও আরমান বাবু প্রমুখ বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন প্রবীণদের সম্মান ও ভালবাসা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। এই দায়িত্ব কেবল আত্মীয়-স্বজন, পরিবার পরিজনের মধ্যে সীমাবদ্ধ নয়, রাষ্ট্রেরও কিছু দায়-দায়িত্ব রয়েছে।তারই আলোকে সরকার জাতীয় প্রবীণ নীতিমালা-২০১৩ এবং মা-বাবার ভরণ-পোষন আইন-২০১৫ প্রণয়ন করছে। যা সরকারের প্রশংসনীয় উদ্যোগ। প্রণীত এই বিধানগুলো যথাযথ প্রতিপালিত হলে ক্রমবর্ধমান প্রবীণ জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণ করা হবে বলে তিনি বিশ্বাস করেন। তিনি আরো বলেন যে মানুষটি অর্থাৎ বাবা কিংবা মা এক সময় সংসারের সব দায়দায়িত্ব কাঁধে নিয়ে তার মা-বাবা, ভাই-বোন, স্ত্রী-সন্তানদের দেখবাল করেছেন, প্রবীণ বয়সে তাকেই সবচেয়ে করুন অবস্থায় পড়তে হয়। যা সমাজের কারো কাম্য নয়। এই প্রসংগে মেয়র বলেন প্রবীণরা পরিবার, সমাজ কিংবা রাষ্ট্রের অভিশাপ বা বোঝা নয় বরং তারা আশির্বাদ। তাই তাদেরকে সম্মানিত করা আমাদের নৈতিক দায়িত্ব। প্রবীণদের সুরক্ষা ও উন্নয়নে দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহন এবং তাদের অধিকার নিশ্চিতের পাশাপাশি বার্ধক্যের বিষয়ে নানামুখী কর্মসুচী বাস্তবায়নের জন্য দেশব্যাপি সচেতনতা সৃষ্ঠির উপর গুরুত্বারোপ করেন মেয়র আ.জ.ম নাছির উদ্দীন। পরে মেয়র উপস্থিত প্রবীণদের মাঝে বয়স্ক ভাতার বই বিতরণ করেন।আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে সমাজ সেবা অধিদপ্তর,বিভাগীয় কার্যালয় ও জেলার উদ্যোগে নগরীর প্রবর্তক মোড় হতে একটি র‌্যালি বের হয় এবং নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শিশু একাডেমী গিয়ে শেষ হয়।

প্রেস বিজ্ঞপ্তি

## জিএম কো: লি: এর গৃহকর ও রেইট হালনাগাদ প্রদান

চট্টগ্রাম- ১ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের কাছে আজ সোমবার সকালে নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন চট্টগ্রাম জেনারেল ইলেক্ট্রিক ম্যানুফেকচারিং কো: লি. হোল্ডিং নং- ২৪৮৯/৩৯৫৪ হাল মহল্লা উত্তর পতেঙ্গা ২০১৮-১৯ অর্থ বছরের গৃহকর ও রেইট বাবদ ৮নং সার্কেলের ১৭ লক্ষ ৩৮ হাজার ৮০০ টাকা পরিশোধ করেন। প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান ও উপ কর কর্মকর্তা মো. মেজবাহ উদ্দিন মেয়র মহোদয়ের নিকট জিএম কোং লি. এর প্রদেয় চেক হস্তান্তর করেন। এ সময় উপ কর কর্মকর্তা নাছির উদ্দিন চৌধুরীও উপস্থিত ছিলেন। চেক গ্রহণকালে মেয়র বলেন নগরবাসীকে পৌরকর প্রদানে উদ্বুদ্ধ করার জন্য ট্যাক্সকালেকটর ও রাজস্ব কর্মকর্তাদের ভাল ব্যবহার ও কঠোর পরিশ্রমী হতে হবে। তিনি নগরবাসীকে হালনাগাদ পুরো বৎসরেরপৌরকর প্রদানের মাধ্যমে বিধিমতে রেবিট সুবিধা গ্রহণের আহবান জানান।

## সিটি মেয়ররের নিকট মহিলা কলেজের প্রতিনিধিবৃন্দের স্মারকলিপি প্রদান

চট্টগ্রাম- ১ অক্টোবর ২০১৮

আজ সোমবার সকালে নগর ভবন মেয়র দপ্তরে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট এনায়েত বাজার এর মহিলা কলেজ সীমানা প্রাচীরে সৌন্দর্য্য বর্ধন ও দেওয়াল সংলগ্ন জায়গায় বাগান করার নির্মিত্তে একখানা স্মারকলিপি প্রদান করেন মহিলা কলেজ চট্টগ্রামের প্রতিনিধিবৃন্দ। মহিলা কলেজ নেতৃবৃন্দ বলেন আপনি মেয়র হিসেবেচট্টগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্ব গ্রহনের পর থেকে চট্টগ্রাম মহানগরীর সৌন্দর্য বর্ধনের জন্য নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন। ফলশ্রুতিতে আজ চট্টগ্রাম নগরীর সিটি গেইট সংলগ্ন দেয়াল রূপসজ্জা,জামালখান ওয়ার্ডের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সীমানা দেয়াল,মনিষীদের প্রতিকৃতি ও বাণীপূর্ণ কারুকার্জ,ডা.খাস্তগীর স্কুলের দেয়ালে মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত পোড়ামাটির নকশা নগরবাসীকে মোহিত করেছে। এমন অনেক উদাহরণ চট্টগ্রাম নগরীর বিভিন্ন রাস্তার পার্শ্ব দেয়ালে অংকিত এবং সড়কদ্বীপগুলোতে নানাধরনের স্থাপত্যকলা,আলোকসজ্জা ও কাননবিথী শুধু নগরবাসীকে নয় পর্যর্টকদের মন্ত্রমুগ্ধ করে। নগরপিতার এমন সৌন্দর্যবর্ধনের অন্তভুক্ত হতে আগ্রাহী জামালখান সংলগ্ন মহিলা কলেজ এনায়েত বাজার চট্টগ্রাম। ১৯৭০ সালে নগরীর প্রানকেন্রেন্দ্র প্রতিষ্ঠিত নারী শিক্ষার অগ্রদূত ঐতিহ্যবাহী এ কলেজ বেশ সুনাম ও বিশ্বস্থতার সাথে চট্টগ্রাম তথা বাংলাদেশের নারী শিক্ষায় অবদান রাখছে বলে তারা উল্লেখ করেন, এছাড়া স্মারকলিপিতে এ প্রজন্মের শিক্ষার্থীদের স্বাধীনতা সংগ্রামের চেতনায় উজ্জীবিত ও দেশপ্রেম জাগ্রত করতে কলেজের সীমানা প্রাচীরের বর্হিপার্শ্বে মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্মৃতিবিজড়িত পোড়ামাটির টেরাকোটা এবং শিক্ষার্থী ও পথচারীদের মনোবিকাশের পাশাপাশি নগরীর শোভাবর্ধনে দেওয়াল সংলগ্ন জায়গায় বাগান ও আলোকসজ্জা করার কথা উল্লেখ রয়েছে। স্মারকলিপি হস্তান্তরকালে মেয়র প্রতিনিধিবৃন্দকে এ ব্যাপারে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এ সময় মহিলা কলেজ, এনায়েত বাজার, চট্টগ্রামের অধ্যক্ষ তহুরীন সবুর, উপাধ্যক্ষ শাহীন ফেরদৌসী ও পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ইলোরা ইসলাম উপস্থিত ছিলেন।

**সংবাদদাতা**
**রফিকুল ইসলাম**
**জনসংযোগ কর্মকর্তা**
**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**